

# Brush up on the NHS dental treatment you're entitled to.



আপনি হয়তো স্কটল্যান্ডে এনএইচএস ডেন্টাল কেয়ার ও চিকিৎসায় পরিবর্তনের ব্যাপারে শুনেছেন। যা পরিবর্তন হচ্ছে না তা হচ্ছে আপনি এখনো এনএইচএসের মাধ্যমে বিভিন্ন ধরণের ডেন্টাল কেয়ার ও চিকিৎসা পেতে পারেন। এবং কিছু কিছু মানুষের জন্য, চিকিৎসা সম্পূর্ণ বিনামূল্যে হতে পারে।

**আরো তথ্য পাবেন এখানে: [NHSInform.scot/dentist](https://www.nhs.uk/inform/scot/dentist)**

## চিকিৎসা ও পরীক্ষার খরচ

1 নভেম্বর 2023 সাল থেকে, আপনি যদি আপনার এনএইচএস ডেন্টাল ট্রিটমেন্টের জন্য অর্থ প্রদান করেন, তাহলে আপনি হয়তো লক্ষ্য করবেন যে আপনার চিকিৎসার খরচে বৃদ্ধি পেয়েছে। এই মূল্যবৃদ্ধি প্রয়োজনীয় এটি নিশ্চিত করার জন্য যেন আমরা এনএইচএস ডেন্টাল সার্ভিস প্রদান করা চালিয়ে যেতে পারি এবং রোগীদের জন্য প্রয়োজনীয় পরিচর্যা প্রদান করতে যে ব্যয় বৃদ্ধি হয়েছে এটি সেটিকে প্রতিফলিত করে।

## এনএইচএস ডেন্টাল চেক আপ

স্কটল্যান্ডের সবাই একটি বিনামূল্যের এনএইচএস ডেন্টাল চেক আপের জন্য যোগ্য। কিন্তু কত দিন পর পর আপনি এর জন্য যোগ্য হবেন তা এখন আপনার ব্যক্তিগত চাহিদার উপর নির্ভর করে। আপনার ডেন্টিস্ট আপনার সাথে প্রতি পরীক্ষায় আলোচনা করবেন।

## রোগীর চার্জ

আগের মতোই, এনএইচএস রোগীরা যারা তাদের চিকিৎসার জন্য অর্থ প্রদান করেন তারা চিকিৎসার ব্যয়ের 80% প্রদান করেন। প্রতিটি চিকিৎসার কোর্সের জন্য এটির সর্বোচ্চ সীমা এখনো £384 এ নির্ধারিত। এর উপর যে কোনো ব্যয় সম্পূর্ণরূপে এনএইচএস থেকে ভর্তুকি দেওয়া হয়। আপনি প্রতি চিকিৎসার কোর্সের জন্য কখনোই £384 এর বেশি প্রদান করবেন না। রোগীদের বেশিরভাগ এর চাইতে অনেক কম অর্থ প্রদান করবেন।

## বিনামূল্যের অথবা হ্রাসকৃত মূল্যে এনএইচএস ডেন্টাল ট্রিটমেন্ট

নিম্নলিখিত ব্যক্তির বিনামূল্যে এনএইচএস চিকিৎসা পেতে পারেন;

- 25 বছর বা তার কম বয়সী সবাই
- যে ব্যক্তির গর্ভবতী বা গত 12 মাসের মধ্যে সন্তান জন্মদান করেছেন
- আয় বা নির্দিষ্ট কিছু বেনিফিট পাওয়ার কারণে যাদের কাছে সার্টিফিকেটেড এক্সেম্পশন রয়েছে

অন্যরা হয়তো এনএইচএসের লো ইনকাম স্কিম (এলআইএস) এর মাধ্যমে হ্রাসকৃত মূল্যে দাঁতের চিকিৎসার জন্য যোগ্য হতে পারেন। যারা স্বয়ংক্রিয়ভাবে বিনামূল্যের চিকিৎসার জন্য যোগ্য নন এলআইএস তাদের এনএইচএস রোগীদের চার্জের কিছুটা বা পুরোটা দিয়ে সাহায্য করে, যাদের হয়তো অর্থ প্রদান করতে সমস্যা হবে। স্কিমের অধীনে সাহায্য আয়ের সাথে সম্পর্কিত এবং এটি প্রত্যেক ব্যক্তির অর্থ প্রদান করার সক্ষমতার মূল্যায়নের উপর নির্ভর করে। হেলথ কেয়ার ব্যয়ের ব্যাপারে সাহায্য সম্পর্কিত তথ্য পাওয়া যাবে এখানে: [স্বাস্থ্য সম্পর্কিত ব্যয়ের ব্যাপারে সাহায্য | এনএইচএস ইনফর্ম](#)

## এনএইচএস মূল্যতালিকা

ডেন্টাল কেয়ার	রোগীর চার্জ
চেক-আপ (পরীক্ষা)	£0.00
চেক-আপ ও প্রতিরোধমূলক পরামর্শ (যার অংশ হতে পারে প্রয়োজন মনে হলে একটি স্ক্যাল ও পলিশ)	£15.68
দুটি ছোটো এক্স-রে	£11.04
দাঁত ও চোয়ালের একটি বড়ো এক্স-রে	£13.56
দাঁতের পরিচ্ছন্নতা ও গভীরভাবে দাঁতের মাটি পরিষ্কার (1 – 4টি আলাদা আলাদা অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে)	£32.24 থেকে £93.32
ছোটো সাদা ফিলিং (সামনের দাঁত)	£21.20
ছোটো মেটাল ফিলিং (পেছনের দাঁত)	£12.72
বড়ো মেটাল ফিলিং (পেছনের দাঁত)	£27.12
রুট ক্যানেল চিকিৎসা	£94.96 থেকে £153.48
পুনরায় রুট-ক্যানেল চিকিৎসার জন্য অতিরিক্ত ফি	£44.08
একটি ক্রাউন (কেবল 17 বছর বা তার বেশি বয়সীদের জন্য)	£149.24 থেকে £185.72
সহজ দাঁত তোলা (প্রতি দাঁত)	£28.84
সার্জিকাল / জটিল দাঁত তোলা (প্রতি দাঁত)	£55.12 থেকে £75.48
উপরের ও নিচের সম্পূর্ণ দাঁতের পাটি বাঁধানো	£344.32



Find out more at

[NHSinform.scot/dentist](https://www.nhs.uk/inform/scot/dentist)

